যুগান্তর

তারিখ 12 FEB 2008
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# কোটা থাকলেও মহিলা শিক্ষক পাওয়া যাচ্ছে না

——————রাশেদা চৌধুরী

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক ও গণশিক্ষা, সংস্কৃতি ও মহিলা বিষয়ক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী বলেছেন, নির্বাচন কমিশনের ওপর নির্ভর করছে সরকারের সঙ্গে রাজনৈতিক দলগুলোর সংলাপ। আগে ইসি দায়িত্ব পালন করুক। তিনি বলেন, রাজনৈতিক দলগুলো যাতে নারী ক্ষমতায়নের জন্য বেশি করে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে পারে সে ব্যাপারে এখন থেকে চেষ্টা করা উচিত। সোমবার মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে যৌতুকবিরোধী জাতীয় কার্যক্রম ও মনিটরিং কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। প্রায় তিন বছর পর এই প্রথম বৈঠকে তিনি যৌতুকবিরোধী কার্যক্রমে অসন্তোষ প্রকাশ করে বলেন, এখন যেভাবে দুর্নীতিবিরোধী আন্দোলন শুরু হয়েছে সেভাবে যৌতুকবিরোধী আন্দোলন দানা বাঁধেনি।

তিনি সাংবাদিকদের জানান, যৌতুকবিরোধী আন্দোলনে মনিটরিংয়ে স্থানীয় সরকার পর্যায়ে প্রতিনিধি থাকা উচিত।

উপদেষ্টা বলেন, শিক্ষা ক্ষেত্রে চাকরিতে নিয়োগে মহিলাদের জন্য ৬০ শতাংশ কোটা থাকলেও যোগ্য মহিলা শিক্ষক পাওয়া যাচ্ছে না। সম্প্রতি সিলেট বিভাগের জন্য শিক্ষক নিয়োগের পরীক্ষায় মহিলাদের জন্য সংরক্ষিত ৬০০টি পদের বিপরীতে মাত্র ২৭২ জন মহিলাকে যোগ্য হিসেবে বিবেচনা করা সম্ভব হয়েছে।

সভা শেষে উপদেষ্টা সাংবাদিকদের বলেন, অনেক দিন পর কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় অনেকেই প্রশ্ন তুলেছেন কমিটি এতদিন কোন কাজ করেছে কিনা? কিছু কাজ হয়েছে, তার পর্যবেক্ষণ ঠিকমতো হয়নি।